

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর  
সিবিএইচসি কার্যালয়  
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।  
ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/সিলেট বিঃ/শৃংখলা-৫৯/২০১৬/

তারিখঃ / / ২০১৭ ইং

আদেশ

যেহেতু, আপনি জনাব তাছলিমা বেগম, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে সিলেট জেলার সদর উপজেলার খাদিমনগর ইউনিয়নের রঙ্গীটলা কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দায়িত্ব অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে গত ১২/০২/২০১৭ ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে সিবিএইচসি কার্যালয়ের স্মারক নং- ২২০, ০৭/০৩/২০১৭ ইং তারিখ মোতাবেক কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় এবং বেতন ভাতা বন্ধ রাখা হয়।

যেহেতু, সিএইচসিপি, জনাব তাছলিমা বেগম কারণ দর্শানোর নোটিশের জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিবিএইচসি কার্যালয়ে প্রেরণ করেছেন। কারণ দর্শানোর নোটিশের জবাবে উল্লেখ করেন যে, “গত ১২/০২/২০১৭ ইং তারিখে শারীরিকভাবে অসুস্থ থাকার কারণে ১৪/০২/২০১৭ ইং তারিখ পর্যন্ত কর্মস্থলে উপস্থিত হতে পারেন নাই। ১৫/০২/২০১৭ ইং তারিখে তিনি ডাক্তারের স্বরণাপন্ন হন এবং ডাক্তার তাকে প্রাথমিকভাবে ০১ মাসের জন্য সম্পূর্ণ বিশ্রামে থাকার পরামর্শ দিলে তিনি ডাক্তারের ব্যবস্থাপত্র সহ EL ফরম পূরণ পূর্বক বাহক মারফত কমিউনিটি ক্লিনিকের চাবীসহ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা অফিসে প্রেরণ করেন। তার কর্মস্থল রঙ্গীটলা কমিউনিটি ক্লিনিকে অন্য কোন কর্মকর্তা/কর্মচারী না থাকায় তিনি কারো নিকট দায়িত্ব হস্তান্তর করতে পারেন নাই এবং EL ফরমে কর্তৃপক্ষের কোন কলাম না থাকায় তার জানা ছিল না যে, কোন কর্তৃপক্ষ বরাবরে দরখাস্ত দাখিল করা প্রয়োজন। যা তার অজ্ঞতা এবং উক্ত বিষয়ের জন্য তিনি মহোদয়ের নিকট ক্ষমা প্রার্থনা করেন। ১২/০২/২০১৭ ইং তারিখ হতে ২৬/০৩/২০১৭ ইং তারিখ পর্যন্ত ছুটি মঞ্জুর করতঃ কারণ দর্শানোর দায় হতে অব্যাহতি দানের জন্য মহোদয়ের নিকট আবেদন জানান।” এফসনে, সেহেতু সিএইচসিপি, জনাব তাছলিমা বেগম এর দাখিলকৃত জবাব ও কাগজপত্র পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হলোঃ

১. সিলেট জেলার সদর উপজেলার খাদিমনগর ইউনিয়নের রঙ্গীটলা কমিউনিটি ক্লিনিকে কর্মরত সিএইচসিপি, জনাব তাছলিমা বেগম-এর কর্মস্থলে অনুপস্থিতির দিনগুলি গত ১২/০২/২০১৭ ইং তারিখ হতে ২৬/০৩/২০১৭ ইং তারিখ পর্যন্ত বিনা বেতনে ছুটি মঞ্জুর করা হলো এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে মানবিক দিক বিবেচনা করে অব্যাহতি প্রদান করা হলো।
২. সিএইচসিপি, জনাব তাছলিমা বেগম-কে নিয়মিত দায়িত্ব প্রাপ্ত কমিউনিটি ক্লিনিকে নিয়মিত সেবা প্রদান এবং ভবিষ্যতে সরকারী কর্মচারী শৃংখলা ও আচরণ বিধি পরিপন্থি কার্যক্রম না করার জন্য প্রথমবারের মতো সতর্ক করা হলো।

প্রাঃ

(ডাঃ মোঃ আবুল হাসেম খান)

লাইন ডাইরেক্টর

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর

ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/সিলেট বিঃ/শৃংখলা-৫৯/২০১৬/ ৪২৪/১(২)

তারিখঃ ৩/১০/২০১৭ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২. পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৩. সিভিল সার্জন, সিলেট।
৪. প্রোগ্রাম ম্যানেজার/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৫. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট।
৬. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, সিলেট (আদেশটি সার্ভিস বুকে লিপিবদ্ধ করার অনুরোধ সহ)।
৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৮. জনাব তাছলিমা বেগম (সিএইচসিপি) রঙ্গীটলা কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন- খাদিমনগর, উপজেলা- সদর, জেলা- সিলেট।।
৯. অফিস কপি।

প্রাঃ

(ডাঃ মাসুদ রেজা কবীর)

ডিপিএম (এইচ আর ম্যানেজমেন্ট)

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।